মেহেরপুরে ‘রেডিও পায়রা’ আয়োজিত উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগীতা

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে জেলর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও মুক্তিযুদ্ধের কথা তুলে ধরতে উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগীতার আয়োজন করা হয়।

গতকাল বুধবার সকালে মেহেরপুর সদর উপজেলার শালিকা মাধ্যমিক বিদ্যালয়ে আনিশা গ্রুপের সার্বিক সহযোগীতায় ‘রেডিও পায়রা’ এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুল আওয়ালের সভাপতিত্বে মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো. আবুল হাসেম, সহকারী শিক্ষক মো. মাসুদ রানা, মো. হাবিবুর রহমান, মাহবুবুল হক, শাহিন আলম, রেডিও পায়রার প্রধান নির্বাহী কর্মকর্তা সাজিদ আহমেদ। উপস্থিত বক্তৃতার শেষে বিজয়ী তিনজন শিক্ষার্থীর মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

উপস্থিত বক্তৃতায় বিভিন্ন শ্রেণীর ৭জন শিক্ষার্থী মেহেরপুরের ইতিহাস, ঐতিহ্য নিয়ে তাদের বক্তব্য প্রদান করে। এতে প্রথম স্থান অর্জন করে দশম শ্রেণীর ফারজানা আক্তার মারিয়া, ২য় স্থান অর্জন করে দশম শ্রেণীর সাব্বির আহমেদ রাব্বি, ৩য় স্থান অর্জন করে ৭ম শ্রেণীর ফাবিহা মুস্তারী মোহনা।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে প্রধান শিক্ষক মো. আব্দুল আওয়াল রেডিও পায়রাকে এমন সুন্দর আয়োজন করার জন্য ধন্যবাদ জানান। আবারো এমন আয়োজন করার জন্য রেডিও পায়রার চেয়ারম্যান এম এ এস ইমনের প্রতি উদ্দাত্ত আহবান জানান এবং তার সার্বিক মঙ্গল কামনা করেন।